Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৪ই পৌষ বুধবার ১৩৬৬ ইংরাজী 30th Dec. 1959 { ৩৩শ সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৪ই পৌষ বুধবার সন ১৩৬৬ সাল।

# জলে শিলা ভেসে যায় বানরে যে গীত গায়, দেখিলেও না হয় প্রত্যয়!

—০—

ত্রেতাযুগের কথা—রামচন্দ্র লঙ্কায় যাইবার জন্য "সেতুবন্ধ রামেশ্বরে" তাঁহার বানর সৈন্যগণ দ্বারা জলে শিলা ভাসাইয়া সেতু নির্ম্মাণ করিয়াছিলেন। বানরগণ কথা বলিত, গান গাইত—রামায়ণ পাঠে অবগত হইয়াও এখন কেহ বিশ্বাস করেন কি? নারায়ণের অবতার রামচন্দ্র স্বয়ং সোনার হরিণ হয় তাহা বিশ্বাস করিয়া সেই মৃগ বধের জন্য স্ত্রী-এর কথায় তাহার পশ্চাৎ ধাবিত হইয়াছিলেন, এ কথা কি বিশ্বাস করিবার মত! এখন সংস্কৃত ভাষায় কথিত আছে—

"অসম্ভবং হেম-মৃগস্য জন্মঃ
তথাপি রামো লুলুভে মৃগায়।
প্রায়ঃ সমাপন্ন বিপত্তিকালে
ধিয়োঽপি পুংসাং মলিনা ভবন্তি॥"

আজকালকার দিনে যে সব সংবাদ খবরের কাগজে দেখা যায় তা বিশ্বাস করুন বা নাই করুন অনেক জিনিষ—যেমন আকাশ পথে যুদ্ধ—আর অবিশ্বাস করা যায় কি? চন্দ্রলোকে গিয়া প্রায় কত তথ্য মানুষের দ্বারা নিরূপিত হইতেছে। আমেরিকা ও রুশিয়াবাসীরা কত নূতন বিষয় আবিষ্কার করিতেছে তাহা অবিশ্বাস করার উপায় নাই।

সম্প্রতি সংবাদপত্রে একটি সংবাদ বাহির হইয়াছে আমরা তাহা পত্রান্তর হইতে উদ্ধৃত করিলাম—

## রোগীর পেটে রেডিও

লণ্ডন, ১৮ই ডিসেম্বর ছোট আকারের এরূপ এক ধরণের রেডিও ট্রান্সমিটার উদ্ভাবিত হইয়াছে, যাহা অতি সহজেই কোন ছোট শিশুও গিলিয়া খাইতে পারিবে। পেটের পীড়া নির্ণয়ে ইহা এখন সর্বাধুনিক ব্যবস্থারূপে প্রয়োগ করা যাইবে। ক্যাপসুলটির মধ্যে থাকিবে ট্রান্সমিটার এবং উহার সহিত অল্প তাপমাত্রা এবং চাপ পরিমাপের যন্ত্রাদিও রক্ষিত থাকিবে। এই ব্যবস্থায় প্রচলিত পদ্ধতি-সমূহের পরিবর্তে চিকিৎসকগণ দক্ষতার সহিত রোগ নির্ণয়ে সমর্থ হইবেন। এই পদ্ধতিকে নিখুঁত করিবার জন্য লণ্ডনের হ্যাম্পষ্টেড-এ অনুশীলন কার্য্যাদি চালানো হইতেছে।

রয়েল কলেজ অফ সার্জেন্স-এর অধ্যাপক রোনাল্ড উলমার ইহাকে মহাশূন্য হইতে বার্তা প্রেরণের সহিত তুলনা করিয়াছেন। এই নূতন প্রক্রিয়া একজন মানুষের উপর প্রয়োগ করিয়া সুফলও পাওয়া গিয়াছে। যুক্তরাষ্ট্র, সুইডেন, পশ্চিম এবং পূর্ব্ব জার্ম্মানীতেও এই পদ্ধতির পরীক্ষামূলক ব্যবহার আরম্ভ হইয়া গিয়াছে।

## মশা মারতে কামান দাগা

রোগীর আভিজাত্য কিম্বা চিকিৎসকের সামান্য রোগে গুরুত্ব দিয়া চিকিৎসা নৈপুণ্য দেখার জন্য আধুনিক "এন্টি-বায়োটিক" ঔষধসমূহ ব্যবহার করিয়া মন্ত্রবৎ নিরাময় করার বাহাদুরী দেখাইতে গিয়া হিতে বিপরীত হয় তৎসম্বন্ধে দিল্লী কর্পোরেশনের হেলথ অফিসার সহরের সব হাসপাতাল, ডিসপেন্সারী, শিশুকল্যাণ কেন্দ্র ও অন্যান্য ক্লিনিকের চিকিৎসকদিগকে নির্দেশ দিয়াছেন যে, তাঁহারা যেন বে-পরোয়াভাবে পেনিসিলিন ব্যবহার না করেন। কিংসওয়ে শিবিরবাসী একজন উদ্বাস্তু দোকানদার পেনিসিলিন প্রয়োগের পরে অজ্ঞান হইয়া অল্প সময়ের মধ্যে মৃত্যুমুখে পতিত হয়। এই মর্ম্মান্তিক ঘটনা সম্পর্কে পৌরপ্রতিষ্ঠানের সভায় তীব্র বিতর্কের পরে হেলথ অফিসার ঐ সতর্কবাণীটি প্রচার করেন। তিনি বলিয়াছেন যে, ক্রমাগত পেনিসিলিন প্রয়োগের ফলে রোগীর দেহে বিরূপ প্রতিক্রিয়া ঘটিতে পারে। সে সব রোগীর উপর ইহা প্রয়োগ করিলে মৃত্যুও সম্ভব। সুতরাং সর্দি-কাশি বা অন্য কোন সামান্য উপসর্গের জন্য ইহা প্রয়োগ করা উচিত নয়, মাত্র গুরুতর রোগের জন্য পেনিসিলিন ব্যবহার করা উচিত। অতিরিক্ত য়্যান্টি-বায়োটিক্স ঔষধ ব্যবহারের ফলে মানুষের দেহস্থিত বীজাণুগুলি ক্রমে ক্রমে এ সব ঔষধে অভ্যস্ত হইয়া উঠে, তখন বেশী ডোজ দিয়াও উপকার পাওয়া যায় না। ইহা ছাড়া, এ সব তেজস্ক্রিয় ঔষধ অত্যধিক ব্যবহারের দ্বারা দেহের উপর আরও নানা রকম প্রতিকূল প্রতিক্রিয়া ঘটে। এই কারণে য়্যান্টি-বায়োটিক্স ঔষধের আবিষ্কর্তাগণ খুব সতর্কভাবে বিবেচনার পর এগুলি প্রয়োগ করিতে পরামর্শ দিয়াছেন। যোগ্য ক্ষেত্রে ব্যবহার করিলে এগুলি মৃতসঞ্জীবনীর মত ফলপ্রদ, আর সামান্য রোগে বারবার ব্যবহার করিলে পরিণতি মারাত্মক।

---

## ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার জঙ্গিপুর শাখার উদ্বোধন

গত ২৭শে ডিসেম্বর রবিবার বৈকালে মুর্শিদাবাদের সহকারী জেলা শাসক শ্রীদ্বিজোত্তম চ্যাটার্জি আই-এ-এস মহোদয়ের পৌরোহিত্যে ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার জঙ্গিপুর শাখার শুভ উদ্বোধন কার্য্য সম্পন্ন হয়। সভায় জঙ্গিপুরের মহকুমা শাসক প্রমুখ সরকারী কর্ম্মচারিবৃন্দ ও সহরের বিশিষ্ট ভদ্রমহোদয়গণ উপস্থিত ছিলেন। সভায় সভাপতি মহাশয় ও ব্যাঙ্কের এজেন্ট শ্রী এস. সি. মণ্ডল ব্যাঙ্কের উপকারিতা সম্বন্ধে বক্তৃতা করেন। ব্যাঙ্ক কর্ত্তৃপক্ষ সমবেত ভদ্রমহোদয়গণকে জলযোগ ও চা পানে আপ্যায়িত করেন।

---

অরঙ্গাবাদ ক্ষুদিরাম দাস স্মৃতি শীল্ডের ফাইনাল খেলা

## কালীঘাট দল—৪ জঙ্গিপুর স্কুল—১

গত ১৮ই ডিসেম্বর ক্ষুদিরাম দাস স্মৃতি শীল্ড ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা কালীঘাট ও জঙ্গিপুর স্কুল ক্লাবের মধ্যে অনুষ্ঠিত হয়। খেলায় কালীঘাট ৪—১ গোলে জয়লাভ করেন। খেলার শেষে মোহনবাগান ক্লাব ও বাংলার স্বনামধন্য খেলোয়াড় শ্রীযুক্ত শৈলেন মান্না (এস মান্না) পুরস্কার বিতরণ করেন এবং নিমতিতার প্রাক্তন জমিদার ক্রীড়ামোদী শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন।

খেলা পরিচালনা করেন কলিকাতার খ্যাতনামা রেফারী য্যাসোসিয়েশনের উপদেষ্টা শ্রীরমেন বাগচী। খেলাশেষে বিজয়ী ও বিজিত দলকে শীল্ড ও কাপ ছাড়াও বিজয়ী খেলোয়াড়দের প্রত্যেককে একটি করিয়া ফ্লাস্ক, এবং বিজিত খেলোয়াড়দের প্রত্যেককে একটি করিয়া মুর্শিদাবাদের খাগড়াই কাঁসার ডিস দেওয়া হয়। শ্রেষ্ঠ খেলোয়াড় হিসাবে কালীঘাট ক্লাবের খেলোয়াড় শ্রীনিশীথ বিশ্বাস মহাশয় নির্বাচিত হন। তাঁহাকে ১টী কীটস্‌ব্যাগ উপহার দেওয়া হয়।

---

## কানাডা বাঁধই উত্তর রাঢ়ে বন্যার কারণ

কান্দীতে অনুষ্ঠিত বন্যা-নিরোধ সম্মেলনের প্রস্তাব

গত ১৯শে ডিসেম্বর লোকসভার সদস্য শ্রীত্রিদিব চৌধুরীর সভাপতিত্বে কান্দীতে অনুষ্ঠিত বন্যা-নিরোধ সম্মেলনে এই মর্ম্মে প্রস্তাব গৃহীত হয় যে, ক্যানাডা বাঁধের জন্যই উত্তর রাঢ়ে বারবার বন্যা হইতেছে। অবিলম্বে প্রকাশ্য সরজমিন তদন্ত করিয়া পশ্চিম বঙ্গের সমগ্র জলনিকাশী ব্যবস্থার পুনঃসংস্কারের জন্য প্রস্তাবে দাবী জানান হয়। সভাপতির বক্তৃতায় শ্রীচৌধুরী বলেন যে, ১৩৬৩ ও ১৩৬৬ সালের বন্যার অভিজ্ঞতার পর হইতে এতদঞ্চলের অধিবাসীরা নিঃসংশয়ে বিশ্বাস করেন যে, তাঁহাদের দুঃখের মূলে রহিয়াছে ময়ূরাক্ষী পরিকল্পনা বা ক্যানাডা বাঁধের ব্যর্থতা। ক্যানাডা বাঁধের অস্তিত্ব আরও আশঙ্কার কারণ হইয়াছে এইজন্য যে, দেশের সামগ্রিক জলনিকাশী ব্যবস্থার প্রতি সরকার কোন নজর দেন নাই। মশানজোর বাঁধের পরিচালন ব্যবস্থাতেও গুরুতর ক্রটি আছে। বাঁধ কর্ত্তৃপক্ষের সহিত একদিকে আবহাওয়া অফিসের এবং আর একদিকে নিম্ন অববাহিকার শাসনকেন্দ্রগুলির যোগাযোগ ক্ষীণ। সরকার যেন এই অভিযোগগুলি বাজে কথা বলিয়া উড়াইয়া না দেন। সমগ্র বিষয়টি অবিলম্বে একটি বিশেষজ্ঞ কমিটির সম্মুখে হাজির করাই আজ সরকারের অপরিহার্য্য।

---


শীতের দিনে-ও
ল্যানোলিন-যুক্ত বোরোলীন
আপনার ত্বক-কে সজীব রাখবে



শীতের কন্‌কনে হাওয়ার হাত থেকে স্বাভাবিক সৌন্দর্য্য রক্ষা করতে বোরোলীন-ই হচ্ছে আদর্শ ফেস্‌ ক্রীম! নিয়মিত ব্যবহারে, ওষধিগুণ-যুক্ত, সুরভিত বোরোলীনের সক্রিয় উপাদান ত্বক-কে কোমল, মসৃণ ও সজীব ক'রে তুলবে আর আপনার অন্তর্লীন স্বাভাবিক সৌন্দর্য্যকে বিকশিত করবে। বোরোলীনের যত্নে নিজেকে রূপোজ্জ্বল করুন।

বোরোলীন
পরম প্রসাধন




বোরোলীনে—ল্যানোলিন আছে বলে শীতের দিনে-ও গাল, হাত ও ঠোঁটফাটার হাত থেকে রক্ষা করে আর রুক্ষতম ত্বকের-ও লাবণ্য বৃদ্ধি করে।

পরিবেশক : জি, দত্ত এণ্ড কোং ১৬, বনফিল্ড লেন • কলিকাতা-১

adarts/59


## গ্রাম্য মহিলা আহত

গত ২৪শে ডিসেম্বর বৃহস্পতিবার রাত্রি প্রায় ১১ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত দফরপুর গ্রামের সুশীলা দাসী দুর্ব্বৃত্ত কর্ত্তৃক ভীষণ-ভাবে আহত হইয়াছে। চিকিৎসার্থে তাহাকে বহরমপুর হাসপাতালে পাঠান হইয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## ম্যালেরিয়া নির্ম্মূল কার্য্যসূচীর জন্য মার্কিণ সাহায্য


যুক্তরাষ্ট্রের কারিগরি সহযোগিতা মিশন ভারতের ম্যালেরিয়া নির্ম্মূল কার্য্যসূচী অনুযায়ী এ বৎসরে ১৭ হাজার টন ডি ডি টি ক্রয়ের জন্য ৫ কোটি ৬০ লক্ষ টাকা সাহায্য দান করিয়াছেন। মার্কিণ যুক্তরাষ্ট্র এ পর্য্যন্ত এই কার্য্যসূচী রূপায়ণের জন্য ২৯ কোটি ২০ লক্ষ টাকা দিয়াছেন। এ বৎসরের প্রথমভাগে পি, এল,—৪৮০ তহবিল হইতে এই কাজের জন্য যে ৮ কোটি টাকা দেওয়া হইয়াছে তাহা উপরোক্ত হিসাবে ধরা হয় নাই।

---

## বন্যাদুর্গত অঞ্চলে সরকারী সাহায্য

বহরমপুর সদর মহকুমায় গত ১লা নভেম্বর হইতে ৩০শে নভেম্বর, ১৯৫৯ পর্য্যন্ত বন্যাপীড়িতদের নিম্নবর্ণিত বিবরণ অনুযায়ী সাহায্য দেওয়া হইয়াছে। ১৬৯৪৮১½ পূর্ণ ইউনিটে মোট ২৫০৬ মণ ৩৩ সের চাউল ও ৫৩৮৯ মণ ১১ সের গম খয়রাতী সাহায্য ও ৩৫৮১৪৫ পূর্ণ ইউনিটে মোট ১৬৯৫৪ মণ ২০ সের চাউল ও ১৮৮৬০ মণ গম আংশিক রেশন বন্টন করা হইয়াছে। এছাড়াও ৩৯২৯টী জামা, ১০০০ খানা কম্বল, ৯০০ খানা ধুতি, ১২০০ শাড়ী ও ৭৯১ পাউণ্ড গুড়া দুধ, ১০৮২৯ মণ ১২ সের ৩ ছটাক কৃষিবীজ বিতরণ করা হইয়াছে। পানীয় জলের জন্য এপর্য্যন্ত মোট ৬৫টী নলকূপ খনন করা হইয়াছে। গৃহ নির্ম্মাণ সাহায্য বাবদ ৪৭৬৪৪ টাঃ কৃষি ঋণ বাবদ ৪৭৫২৫ টাকা, গবাদি পশু ক্রয়ের জন্য ৭০০০ টাকা, সার ক্রয়ের জন্য ২০০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে। —জেলা প্রচার অফিস

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"  টেলিফোন : বড়বাজার ৫১৮

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়
* * *
রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷৹ টাকা ও মাশুলাদি ১৴৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।